



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৩ মার্চ ২০১৭ খ্রি.

৪৭ তম মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবসে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মসূচি

৪৭ তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৭ উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে যথাযোগ্য মর্যাদা ও ব্যাপক কর্মসূচির মধ্য দিয়ে এ দিবসটি উদ্যাপিত হবে। ২৬ মার্চ ২০১৭ খ্রি. মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে ভোর ৫ টা ৫৭ মিনিটের সময় কেন্দ্রীয় শহীদ মিনারে স্বাধীনতার শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। এ ছাড়াও সকাল ৮ টা থেকে বাকলিয়াস্থ সিটি কর্পোরেশন স্টেডিয়ামে কুচকাওয়াজ, ডিসপ্লে ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হবে। কুচকাওয়াজে সালাম গ্রহণ করবেন সিটি মেয়র। ২৬ মার্চ বিকেল ৪.০১ টায় থিয়েটার ইনস্টিটিউটে মহান স্বাধীনতা স্মারক সম্মাননা পদক প্রদান এবং সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন। ২৫ মার্চ ২০১৭ খ্রি. সন্ধ্যা ৬ টা ৩০ মিনিটে গণহত্যা দিবস স্মরণে জাকির হোসেন রোডস্থ বধ্যভূমি স্মৃতি স্তম্ভে শহীদের প্রতি পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র। উল্লেখিত কর্মসূচি সমূহ সফল করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়েছে।

চট্টগ্রাম- ২৩ মার্চ ২০১৭ খ্রি.

৪৭ তম মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০১৭ উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর বাণী

৪৭ তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এক বাণী প্রদান করেন। তিনি তাঁর বাণীতে চট্টগ্রামবাসীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি মহান মুক্তিযুদ্ধের মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, মহান স্বাধীনতা জাতীয় জীবনে এক অনন্য গৌরবময় দিন। ১৯৭১ সনের ২৬ মার্চ প্রথম প্রহরে স্বাধীনতার ঘোষণা দেন বাঙালি জাতির মুক্তি সংগ্রামের মহানায়ক, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তারই নেতৃত্বে আমরা অর্জন করেছি প্রিয় স্বাধীনতা। মেয়র শ্রদ্ধার সাথে মহান মুক্তিযুদ্ধের ৩০ লক্ষ শহীদ, ২ লক্ষ সশ্রম হারা মা-বোনকে শ্রদ্ধার সাথে স্মরণ করেন। এ ছাড়াও মহান মুক্তিযুদ্ধে নেতৃত্ব দানকারী জাতীয় নেতা সৈয়দ নজরুল ইসলাম তাজউদ্দিন আহমদ, এম মনসুর আলী, এইচ এম কামরুজ্জামানকে কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন। তিনি বলেন, লক্ষ প্রাণের বিনিময়ে অর্জিত স্বাধীনতা বাঙালি জাতির শ্রেষ্ঠ অর্জন। এ অর্জনকে অর্থপূর্ণ করতে সবাইকে মহান মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস জানতে হবে এবং স্বাধীনতার চেতনাকে মনে প্রাণে ধারণ করতে হবে। প্রজন্ম পরম্পরায় স্বাধীনতার আদর্শ পৌছে দিতে হবে। তিনি মহান মুক্তিযুদ্ধের আদর্শে উদ্বুদ্ধ হয়ে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গড়ে তোলার লক্ষে জাতীয় সংবিধানকে সমুন্নত রেখে অসাম্প্রদায়িক, জঙ্গীবাদমুক্ত, সুখী, উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার কাজে সকলকে আত্মনিয়োগ করার আহ্বান জানান।

চট্টগ্রাম- ২৩ মার্চ ২০১৭ খ্রি.

৪৭ তম মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০১৭ উপলক্ষে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাধীনতা স্মারক সম্মাননা পদক পাবেন

৪৭ তম মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০১৭ উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে ১০ জন বরেন্য ব্যক্তিকে স্বাধীনতা স্মারক সম্মাননা পদকে ভূষিত করা হবে। আগামী ২৬ মার্চ ২০১৭ খ্রি. মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে বিকেল ৪ টায় থিয়েটার ইনষ্টিটিউটে স্বাধীনতা স্মারক সম্মাননা পদক প্রদান করা হবে। পদক হস্তান্তর করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। ২০১৭ সনে স্বাধীনতা স্মারক সম্মাননা স্মারকে ভূষিত হবেন মুক্তিযুদ্ধে মোখতার আহমদ (মরনোত্তর), স্বাধীনতা আন্দোলনে ভূপতি ভূষন চৌধুরী মানিক চৌধুরী (মরনোত্তর), সাংবাদিকতায় আতাউল হাকিম, সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও স্ত্রাদ নীরদ বরণ বড়-য়া (মরনোত্তর), চিকিৎসায় ডা. ফজলুল আমীন (মরনোত্তর), শিশু চিকিৎসায় ড. প্রণব কুমার চৌধুরী, নারী আন্দোলনে বেগম রুণু সিদ্দিকি (মরনোত্তর), সমাজ সেবায় সাফিয়া গাজী রহমান, শিক্ষায় বেগম হাসিনা জাকারিয়া ও ক্রীড়ায় মোজাম্মেল হক।

চট্টগ্রাম- ২৩ মার্চ ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায়

দ্রাম্যমান আদালত পরিচালিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট সনজীদা শরমিন এর নেতৃত্বে ২৩ মার্চ ২০১৭ খ্রি. বৃহস্পতিবার, সকালে নগরীর বায়েজিদ থানাধীন নোংরা ফ্লোর ও অস্বাস্থ্যকর পরিবেশে বিষাক্ত রং ও কালার ফ্লেভার মিশ্রণ করে বেকারী পণ্য উৎপাদনের অপরাধে বায়েজিদ বোস্তামী রোডস্থ শোলশহর সি/এ ভোক্তা অধিকার আইনে সর্ট ফুড প্রোডাক্টসকে ৪০ হাজার টাকা, নোংরা, দুর্গন্ধময় ফ্রিজে কাঁচা মাংস ও নাস্তার খামির একসাথে সংরক্ষণ করার অপরাধে পাছাজিও ফুডকে ১০ হাজার টাকা সহ সর্বমোট ৫০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণও সিএমপি পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা